সেই প্রকার ভাবেই জ্ঞান ও বৈরাগ্যের প্রতি অনাদরের কথা একটি শ্লোকে বলিতেছেন—হে উদ্ধব! অতএব আমাতে ভক্তিযুক্ত মদ্‌গতচিত্ত যোগিপুরুষের জ্ঞান ও বৈরাগ্য প্রায়শঃই মঙ্গলসাধক হয় না। এ বিষয়ে কোনই সংশয় নাই ॥ ৮৩ ॥

টীকা চ—তদেবং ব্যবস্থয়াধিকারিত্রয়মুক্তম্। তত্র ভক্তেরন্যনিরপেক্ষত্বাদন্যস্য চ তৎসাপেক্ষত্বাদ্ভক্তিযোগএব শ্রেষ্ঠ ইত্যুপসংহরতি তস্মাদিতি ত্রিভিঃ। মদাত্মনো ময়ি আত্মা চিত্তং যস্য তস্য। শ্রেয়ঃ শ্রেয়ঃসাধনমিত্যেষা। অত্র প্রায়োগ্রহণস্যায়ং ভাবঃ, ভজতাং জ্ঞানবৈরাগ্যাভ্যাসেন প্রয়োজনং নাস্ত্যেব। তত্র যথা স্থিতেঽপি সদ্যোমুক্তি-মার্গে কেষাঞ্চিৎ ক্রমমুক্তিমার্গে প্রবৃত্তির্জায়তে। তথা ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেত্যাদি শ্রীগীতানুসারেণ যদি ক্রমভক্তিমার্গে প্রবৃত্তিঃস্যাত্তদা ভবত্বিতি। তদেবং ভক্তেঃ প্রেমলক্ষণে সর্ব্বফলরাজে স্বফলে নাস্ত্যেব জ্ঞানাদ্যপেক্ষা। পৃথক্ পৃথক্ জ্ঞানাদিফলেঽপি সাধ্যে নাস্তীত্যাহ—যৎ কর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ। যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি। সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা। স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্ যদি বাঞ্ছতি ॥ ৮৪ ॥

শ্রীধরস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা—তাহা হইলে এইরূপে পূর্ব্ববর্ণিত ব্যবস্থানুসারে তিনটি অধিকারীর কথা উল্লেখ করা হইয়াছে। অর্থাৎ যে জন ঐহিক পারলৌকিক বিষয় প্রতিষ্ঠাসুখরাশিতে বিরক্তচিত্ত, অতএব সেই সেই ঐহিক পারলৌকিক সুখপ্রাপ্তির সাধনরূপ লৌকিক বৈদিক কর্ম্ম অনুষ্ঠান ত্যাগ করিয়াছেন, কিন্তু মুক্তিলাভের জন্য একান্ত অভিলাষী তিনি জ্ঞানযোগে অধিকারী। অপর যে জন ঐহিক পারলৌকিক সুখভোগে লালসাযুক্ত বলিয়া সেই সেই সুখপ্রাপ্তির সাধন রাশি রাশি কর্ম্মানুষ্ঠানে আগ্রহান্বিত, তিনিই কর্ম্মসাধনে অধিকারী। তৃতীয়—যিনি মহৎসঙ্গ ও মহৎকৃপাজনিত সৌভাগ্যে শ্রীভগবৎকথাদি শ্রবণ-কীর্ত্তনাদিতে শ্রদ্ধাযুক্ত অথচ বিষয়ে অত্যন্ত আসক্তও নয়, বিরক্তও নয়—এইপ্রকার লক্ষণাক্রান্ত অধিকারীর ভক্তি-অনুষ্ঠান অতি সত্বর ফলপ্রদ হইয়া থাকে। এইপ্রকার তিনটী সাধনের অধিকারীর কথা বলা হইয়াছে। ঐ তিনটি সাধনের মধ্যে ভক্তিযোগটি অন্যনিরপেক্ষ আর কর্ম্ম ও জ্ঞানযোগ ভক্তি-সাপেক্ষ। অতএব কর্ম্ম জ্ঞান ও ভক্তিযোগের মধ্যে ভক্তিযোগই শ্রেষ্ঠ। এইরূপে "তস্মাৎ মৎভক্তিযুক্তস্য" ইত্যাদি তিনটি শ্লোকে প্রসঙ্গের উপসংহার করিতেছেন। শ্লোকস্থ "মদাত্মনঃ" এই পদের অর্থ আমাতে যাহাদের আত্মা অর্থাৎ চিত্ত, সেই ভক্তিযুক্ত যোগিপুরুষের জ্ঞান ও বৈরাগ্য প্রায়শঃ শ্রেয়ঃসাধন অর্থাৎ মঙ্গলের হেতু হয় না—এই পর্য্যন্ত টীকার ব্যাখ্যা। এই